"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ।
ফোন : (+৮৮-০২) ৯৫৩৪২৫৫
ফ্যাক্স : ৪৭১১৮৪৪৯

জবি/প্রশা/একা (বৃত্তি)-৩৪(৫)/অংশ-০৪/২০১৪/৮৮ তারিখঃ ২৫ জানুয়ারি, ২০২৪

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের "বৃত্তি নীতিমালা-২০১৩"-এর আলোকে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের **"মেধাবৃত্তি ও অবৈতনিক অধ্যয়ন"**-এর সুযোগ প্রদানের নিমিত্তে এতদসঙ্গে সংযুক্ত নির্ধারিত ফরম-এ আবেদন আহবান করা যাচ্ছে।

আগামী **২৫/০১/২০২৪ থেকে ১৫/০২/২০২৪** তারিখের মধ্যে শিক্ষার্থী কর্তৃক আবেদন ফরম পূরণ করে সংশ্লিষ্ট বিভাগে জমা দিবেন। প্রতিটি বিভাগে জমাকৃত আবেদন সমূহ 'বৃত্তির নীতিমালা-২০১৩' মোতাবেক বিভাগীয় একাডেমিক কমিটির মতামতসহ আবেদন ফরম-এর **দ্বিতীয় অংশ** পূরণপূর্বক পরীক্ষা নিয়ন্ত্রক-এর দপ্তরে **২২/০২/২০২৪** তারিখের মধ্যে প্রেরণ করবেন।

আবেদন ফরম এর **তৃতীয় অংশে** মন্তব্য প্রদান পূর্বক পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর আগামী **২৯/০২/২০২৪** তারিখের মধ্যে রেজিস্ট্রার দপ্তরে প্রেরণ করবেন।

উল্লেখ্য যে, "বৃত্তি নীতিমালা-২০১৩" অনুযায়ী প্রত্যেক বিভাগ হতে প্রতি শিক্ষাবর্ষে ০৩(তিন) জন শিক্ষার্থীকে প্রতি মাসে ৪০০/- (চারশত) টাকা হারে মেধাবৃত্তি এবং এক শিক্ষাবর্ষের জন্য অবৈতনিক অধ্যয়নের সুযোগ পাবে। মেধাবৃত্তি ছাড়াও প্রত্যেক বিভাগে প্রতি শিক্ষাবর্ষে মোট শিক্ষার্থীর ১০% (শতকরা দশজন) **অসচ্ছল ও মেধাবী** শিক্ষার্থীকে অবৈতনিক অধ্যয়নের সুযোগ প্রদান করা হবে। **এছাড়াও প্রতিবন্ধী শিক্ষার্থীরা বৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।**

আরও উল্লেখ্য যে, সংশ্লিষ্ট বিভাগ সমূহকে মনোনয়ন প্রাপ্ত শিক্ষার্থীদের **(মেধাবৃত্তি ও অবৈতনিক অধ্যয়ন)** তালিকা প্রস্তুত করে **নিম্ন ছক মোতাবেক** তার হার্ডকপি এবং সফটকপি ই-মেইল (masudalam830@gmail.com/registrar@jnu.ac.bd)-এ নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার অনুরোধসহ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে আদিষ্ট হয়ে অনুরোধ করা যাচ্ছে।

**ছক:**

ক) **মেধাবৃত্তি (স্নাতক-স্নাতকোত্তর)** : "বৃত্তি নীতিমালা-২০১৩" মোতাবেক প্রত্যেক বিভাগের প্রতি শিক্ষাবর্ষে ০৩(তিন) জন শিক্ষার্থী।

| ক্রম. | শিক্ষার্থীর নাম | আইডি নম্বর | শিক্ষাবর্ষ | সর্বশেষ পরীক্ষার নাম | ফলাফল | কমিটির মতামত |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

খ) **অবৈতনিক অধ্যয়ন (স্নাতক-স্নাতকোত্তর)** : প্রতি শিক্ষাবর্ষে মোট শিক্ষার্থীদের ১০% (শতকরা দশজন) অসচ্ছল মেধাবী শিক্ষার্থী।

| ক্রম. | শিক্ষার্থীর নাম | আইডি নম্বর | শিক্ষাবর্ষ | সর্বশেষ পরীক্ষার নাম | ফলাফল | কমিটির মতামত |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

**বিঃ দ্রঃ HSC/সমমান পরীক্ষায় ফলাফলের ভিত্তিতে বিভিন্ন শিক্ষাবোর্ড কর্তৃক বৃত্তি প্রাপ্তসহ অন্য যে কোন সরকারি/বেসরকারি সংস্থা হতে বৃত্তি প্রাপ্ত এবং অত্র বিশ্ববিদ্যালয়ে যে কোন শিক্ষাবর্ষে পুনঃ ভর্তিকৃত শিক্ষার্থীগণ এই বৃত্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।**

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

২৫/১/২৪

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার

সংযুক্তি ঃ নির্ধারিত আবেদন ফরম ০১(এক) কপি।

জবি/প্রশা/একা (বৃত্তি)-৩৪(৫)/অংশ-০৪/২০১৪/৮৮ তারিখঃ ২৫ জানুয়ারি, ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১-০৭. ডিন, সকল অনুষদ, জবি;
০৮-০৯. পরিচালক, আই.ই.আর/আই.এম.এল, জবি;
১০-৪৭. চেয়ারম্যান, সকল বিভাগ, জবি;
৪৮. প্রভোস্ট, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, জবি;
৪৯-৫১. পরিচালক (অর্থ ও হিসাব/পিআরআইপি/ছাত্র কল্যাণ), জবি;
৫২. পরিচালক, আইসিটি সেল (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ), জবি;
৫৩. পরীক্ষা নিয়ন্ত্রক, জবি;
৫৪. ডেপুটি রেজিস্ট্রার/পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর (*উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য*), জবি;
৫৫. উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর (*ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য*), জবি;
৫৬. সংরক্ষণ/অফিস কপি।

25.01.24

(মোসাঃ আশরা-উন-আকতার তুহিন)
ডেপুটি রেজিস্ট্রার
একাডেমিক শাখা (বৃত্তি)।

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের বৃত্তি প্রাপ্তির আবেদন ফরম

জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা

বিভাগ:

## প্রথম অংশ (ছাত্র/ছাত্রী কর্তৃক পূরণীয়)

১। বৃত্তির ধরণ: ☐ মেধা ☐ অবৈতনিক

২। ছাত্র/ছাত্রীর নাম ........................................................................ আইডি নং ................................

২। শিক্ষাবর্ষ ........................................ মোবাইল নম্বর ..................................................................

৩। (ক) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সর্বশেষ পরীক্ষার ফলাফল .......... বর্ষ .......... সেমিস্টার, সিজিপিএ ....................

(খ) পরীক্ষার ফলাফল: SSC/সমমান ............... HSC/সমমান ............... [শুধু ১ম বর্ষ ১ম সেমিস্টারে অধ্যয়নরতদের জন্য]

৪। পিতা/মাতা/অভিভাবকের পেশা ও বার্ষিক আয় ............................................ পরিবারের সদস্য সংখ্যা ..........

৫। পিতা/মাতার মৃত্যু সংক্রান্ত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) ..................................................................

৬। পরিবারের কোন সদস্য অত্র বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত থাকলে তার বিবরণ ..........................................

৭। কোটা [কোটাভুক্ত হলে কোটার নাম] ..............................................................................

৮। কোন প্রতিষ্ঠান/সংস্থা হতে বৃত্তি প্রাপ্ত হলে তার নাম ও টাকার পরিমাণ ..........................................

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাদি সঠিক। মিথ্যা বা ভুল তথ্য দিলে বা তথ্য গোপন করলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত যে কোন শাস্তিমূলক ব্যবস্থা মেনে নিতে বাধ্য থাকব।

শিক্ষার্থীর স্বাক্ষর ও তারিখ

## দ্বিতীয় অংশ (বিভাগ কর্তৃক পূরণীয়)

১। লেখাপড়ার অগ্রগতি: ☐ সন্তোষজনক ☐ সন্তোষজনক নয়

২। শ্রেণিকক্ষে উপস্থিতির শতকরা হার: ☐ সংশ্লিষ্ট শিক্ষাবর্ষে নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীর সংখ্যা: ☐

৩। শৃঙ্খলা ও আচরণগত বিষয়ে বিভাগীয় একাডেমিক কমিটির মতামত ..........................................

..............................................................................................................

৪। সংশ্লিষ্ট শিক্ষাবর্ষ/সেমিস্টারের বিভাগীয় কোর্স কো-অর্ডিনেটরের মতামত ..................................

..............................................................................................................

৫। বিভাগীয় চেয়ারম্যানের মন্তব্য/সুপারিশ ..................................................................

বিভাগীয় চেয়ারম্যানের স্বাক্ষর ও সিল

## তৃতীয় অংশ (পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর কর্তৃক পূরণীয়)

সর্বশেষ পরীক্ষার ফলাফল: ................. বর্ষ ................... সেমিস্টার, সিজিপিএ ...................................

মন্তব্য (যদি থাকে):

পরীক্ষা নিয়ন্ত্রকের স্বাক্ষর ও সিল